



প্রধান মেডিকেল অফিসারের দপ্তর
শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টার ঢাকা বিশ্ববিদ্যালয়
E-mail: cmo.dumc@gmail.com

স্মারক নং-ডিউ/মেডি/স্টোর/২০২৪/০৬

তারিখ: ২৩/০৯/২০২৪খ্রি:

ডিজিটাল OPG & X-Ray মেশিনের প্রিন্টার ক্রয় সংক্রান্ত (OTM) দরপত্র বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টারের জন্য ২০২৪-২০২৫ইং অর্থ-বছরে ডিজিটাল OPG & X-Ray মেশিনের প্রিন্টার ক্রয় করার জন্য বিভিন্ন কোম্পানীর নিকট হতে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুযায়ী কোম্পানীর নিজস্ব প্যাডে সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছে।

১.	মন্ত্রণালয়/বিভাগ	শিক্ষা মন্ত্রণালয়।		
২.	এজেন্সি/প্রতিষ্ঠান	ঢাকা বিশ্ববিদ্যালয়।		
৩.	সংগ্রহকারী সংস্থার নাম	প্রধান মেডিকেল অফিসার, ঢাকা বিশ্ববিদ্যালয়।		
৪.	দরপত্র প্যাকেজের নাম/দরপত্রের ধরন	ঢাকা বিশ্ববিদ্যালয় শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টারের ডিজিটাল OPG & X-Ray মেশিনের প্রিন্টার ক্রয়।		
৫.	সংগ্রহের পদ্ধতি	উনুক্ত দরপত্র পদ্ধতি (OTM).		
৬.	বাজেট ও টাকার উৎস	রাজস্ব		
৭.	দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান	স্টোর, মেডিকেল সেন্টার, ঢাকা বিশ্ববিদ্যালয়।		
৮.	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে আগামি ১৪/১০/২০২৪ইং তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত।		
৯.	দরপত্র দাখিলের তারিখ ও সময়	১৬/১০/২০২৪ ইং তারিখ সকাল ১০.০০ টা পর্যন্ত।		
১০.	দরপত্র দাখিলের স্থান	প্রধান মেডিকেল অফিসার (ভারপ্রাপ্ত) এর কক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয়।		
১১.	দরপত্র খোলার তারিখ ও সময়	আগামি ১৬/১০/২০২৪ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকা।		
১২.	দরপত্রদাতার যোগ্যতা	অনুরূপ কাজের অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠান (দরপত্রের শর্তাবলী মোতাবেক)		
১৩.	দরপত্র সিডিউলের মূল্য ও দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র সিডিউলে মূল্য (অফেরথযোগ্য)	দরপত্রের সহিত দাখিলকৃত জামানতের পরিমাণ (ফেরথযোগ্য)	কার্য সম্পাদনের সময়সীমা
		৩,০০০/- (তিন হাজার টাকা)	২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত টাকা)	৯০ দিন
১৪.	দরপত্র আহ্বানকারীর নাম, পদবী ও ঠিকানা	ডা. মোহাম্মদ তানভীর আলী, প্রধান মেডিকেল অফিসার। শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টার, ঢাকা বিশ্ববিদ্যালয়। ফোন: ৮৮-০৯৬৬৬৯১১৪৬৩, এক্স-৪২৩৫		
১৫.	সংগ্রাহক সত্তার ক্ষমতা ও বিশেষ নির্দেশাবলী	(ক) আহ্বী দরপত্রদাতাগণ প্রতিক্রিয়া বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে প্রতিদিন অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের মূল্য বাবদ একাউন্ট নং- ৩৬০০০৩৯২ এ জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় টি.এস.সি. শাখায় জমাদান পূর্বক রশিদের মূল কপি জমা দিয়ে অত্র অফিসের স্টোর হতে সিডিউল সংগ্রহ করতে পারবেন। (খ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। (গ) দরপত্র মূল্যায়ণ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।		
১৬.	দরপত্রের সাথে সংযুক্ত থাকতে হবে (যা সত্যায়িত হতে হবে)	(ক) দরপত্র ক্রয়ের মূল রশিদ। (খ) হাল সনের স্ব-জাতীয় ট্রেড লাইসেন্স। (গ) সরবরাহকারী হিসাবে ১৩ ডিজিট সম্বলিত ভ্যাট রেজিস্ট্রেশন সনদ। (ঘ) ২০২৩-২০২৪ অর্থ বছরের আয়কর পরিশোধ সনদ। (ঙ) নগরিক/জাতীয় পরিচয়পত্র। (চ) ব্যাংক স্বচ্ছলতার সনদ। (ছ) সরকারি/আধা সরকারি/স্বায়ত্ত্ব শাসিত/ প্রাইভেট প্রতিষ্ঠানে অনুরূপ কাজের অভিজ্ঞতা থাকতে হবে এবং উক্ত কাজের Work Order এর প্রত্যয়নপত্র অবশ্যই দরপত্রের সাথে জমা দিতে হবে। (জ) ব্যবসায়িক প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে মালিকের ৩ (তিন) টি নমুনা স্বাক্ষর সত্যায়িত (মালিক যদি সরাসরি অংশগ্রহণ না করে)।		

২৩/০৯/২৪

(ডা. মোহাম্মদ তানভীর আলী)

প্রধান মেডিকেল অফিসার

শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়।

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইল :-

- ১। প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল
ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল।
- ৪। প্রিন্সিপ্যাল স্টোর অফিসার, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৫। সহকারি রেজিস্ট্রার, রেজিস্ট্রারের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৬। নোটিশ বোর্ড, শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টার, ঢাকা বিশ্ববিদ্যালয়।